

আসবে নুতন দিন

ডঃ মোহাম্মদ আবদুর রায়যাক

এখন ক্রান্তিকাল, বড়ই দুঃসহ দিন কাটে পৃথিবীর;
কোথায় হারিয়ে গেছে সকল শান্তি, সুখ, ছায়া সুনিবিড়।
নেই প্রেম, নেই প্রীতি, নেই কোন ভালোবাসা, হৃদয়ের টান;
বিশ্বভুবন জুড়ে আছে ঘৃণা, হিংস্রতা, ধ্বংশের গান।
হাজারো সমস্যায় পিষ্ট এ পৃথিবীর অন্তিম কাল
এলো কি ঘনিয়ে? শুধু জানে মহাকাল।

হিমালয়ে হিম নেই, নদীরা শুকিয়ে গেছে,
বিষে ভারী হয়েছে বাতাস;
জ্যোৎস্না হসিত রাত কোথায় উধাও আজ,
ধোঁয়াশায় ঢেকেছে আকাশ।
অম্লতা মিশে আজ শীতল বৃষ্টি জলে
মোলায়েম স্নিগ্ধতা নেই;
গ্রীষ্মে গরম নেই; শীতকালে নেই শীত;
ঋতুচক্র হারিয়েছে খেই।

তারপরও পৃথিবীতে স্বপ্নরা বেঁচে থাকে;
মেলে দেয় সাতরং ডানা;
একদিন জনপদে শান্তি আসবে নেমে,
থেমে যাবে সন্ত্রাসী হানা।
পুষ্প প্রপাতে হবে পথ সুরভিত,
ধোঁয়াহীন হবে নীলাকাশ;
স্নিগ্ধ জ্যোৎস্না রাশি ভরে দেবে চরাচর;
সুবাতাসে ভরবে নিশাস।

আসবে নতুন দিন, হাসবে পৃথিবী, গাবে
সবে মিলে জীবনের গান;
শীতল বৃষ্টিজলে ভরে যাবে মরা গাঙ্গ
সেথায় ডাকবে পুনঃ বান।

মিডনী, মার্চ ১৮, ২০০৮